অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটের মানবাধিকার বিভাগের অধীনে নতুন ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিট শুরু করার ঘোষণা করলেন

নতুন ইউনিট স্টেটব্যাপী একটি ক্যাম্পেইন বাস্তবায়ন করবে যা বৈচিত্র্যের গ্রহণযোগ্যতা, অন্তর্ভুক্তি, সহনশীলতা এবং উপলব্ধি প্রচার করবে যা গত মাসে গভর্নর হোকলের স্বাক্ষর করা একটি বিধিমালা আবশ্যিক করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights, DHR) স্টেটব্যাপী একটি ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিট (Hate and Bias Prevention Unit) শুরু করতে যাচ্ছে, যার দায়িত্ব হবে গণশিক্ষা ও আউটরিচ প্রচেষ্টার নেতৃত্ব প্রদান, স্থানীয় সম্প্রদায়সমূহে একটি প্রারম্ভিক সতর্কতা নির্ণয় ব্যবস্থা হিসেবে কাজ করা, এবং একটি পক্ষপাতের ঘটনা ঘটলে সেই এলাকা ও সম্প্রদায়ের সমর্থনে দ্রুত সচল হওয়া। ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটটি আজকে থেকে শুরু হচ্ছে।

"নিউ ইয়র্ক স্টেট আমাদের সম্প্রদায়সমূহ থেকে ঘৃণা ও পক্ষপাত নির্মূল করতে এর কাছে থাকা সকল হাতিয়ার ব্যবহার করবে," **গভর্নর হোকল বলেন।** "আমরা অনলাইনে, গোটা দেশে, গোটা বিশ্বে যে ঘৃণা ঘটনা বৃদ্ধি পেতে দেখছি, সেটিকে আমাদের এখানে শেকড় গেড়ে বসতে দিবো না।"

"আমরা আমাদের স্টেটকে অগ্রসর করতে যেই বিশাল পরিমাণ কাজ করেছি তা অজ্ঞতা, ভয় এবং ঘৃণা দ্বারা ক্ষতিগ্রস্ত হতে দিতে পারি না," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "আমরা সম্প্রদায়সমূহের মধ্যে এবং পুরো স্টেটে যেই অংশীদারিত্বসমূহ গঠন করছি তা আমরা যা সত্যি হিসেবে জানি সেটিই নিশ্চিত করবে যে ভালোবাসা সর্বদা ঘৃণার সাথে জয়লাভ করে।"

মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া এল. ইম্পেরিয়াল বলেন, "সবার, তারা যেই বর্ণের হোক, যাকেই ভালোবাসুক,বা যাই বিশ্বাস করুক, কাজ করতে, নাচতে, বা প্রার্থনার গৃহে যেতে, বা তাদের সন্তানদের স্কুলে প্রেরণ করতে নিরাপদ বোধ করতে পারা উচিত।এই নতুন ইউনিটটি আমাদের স্টেটে সকলের জন্য সমান সুযোগ, উপলভ্যতা, এবং মর্যাদার আমাদের মিশনকে অগ্রসর করবে।"

নতুন ইউনিটের বাধ্যবাধকতার অংশ হিসেবে, বিভাগটি পুরো স্টেটে স্থানীয় স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত 10টি আঞ্চলিক পরিষদ সংগঠিত করছে। এই পরিষদগুলি সম্প্রদায়ের সদস্যদেরকে উদ্বেগ জানানো, শিক্ষাগত কর্মসূচি আয়োজন করা, ঘৃণা অপরাধ প্রতিরোধ ও সম্প্রদায়ের নিরাময় ইভেন্ট আয়োজন করা, দ্বন্দ্ব সমাধানে প্রশিক্ষণ প্রদান, এবং বিভাগ ও অন্যান্য সংশ্লিষ্ট এজেন্সির সাথে অভিযোগ দায়ের করার ব্যবস্থা গ্রহণের একটি স্থান প্রদান করবে। এছাড়াও ইউনিটগুলি একটি দ্রুত সাড়াদান দল গঠন করবে যারা একটি পক্ষপাত বা ঘৃণা ঘটনা দ্বারা প্রভাবিত সম্প্রদায়সমূহকে সহায়তা করবে।

ঘৃণা এবং পক্ষপাত প্রতিরোধ ইউনিট এছাড়াও স্টেটব্যাপী একটি ক্যাম্পেইন স্থাপন ও বাস্তবায়ন করার দায়িত্বে থাকবে যা বৈচিত্র্যের গ্রহণযোগ্যতা, অন্তর্ভুক্তি, সহনশীলতা এবং উপলব্ধি প্রচার করবে যা গত মাসে গভর্নর হোকলের স্বাক্ষর করা একটি বিধিমালা আবশ্যিক করেছে। ক্যাম্পেইনটি সরকারি ও বেসরকারি সংগঠনের সাথে সমন্বয় ও সহযোগিতা করবে, যার মধ্যে রয়েছে স্থানীয় সরকারসমূহ, সম্প্রদায়ের গোষ্ঠী, স্কুল জেলা, প্রার্থনার স্থান, দাতব্য প্রতিষ্ঠান, এবং ফাউন্ডেশন, কিন্তু যা এর মধ্যে সীমিত থাকবে না, এবং এটি শিক্ষাগত বিষয়বস্তু তৈরি করবে যা ইন্টারনেট, সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য প্ল্যাটফর্মে প্রকাশ করা হবে যাতে জনগণের কাছে তা পৌঁছায়। বিভাগটি এছাড়াও নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সাথে কাজ করে স্টেটের ঘৃণা অপরাধ আইন সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে শিক্ষিত করার জন্য।

আজকের ঘোষণাটি পুরো স্টেটে ঘৃণা ও সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের দীর্ঘদিনের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে হয়েছে। গভর্নর ঘৃণা অপরাধ ও আক্রমণের ঝুঁকিতে থকা অলাভজনক, সম্প্রদায়ভিত্তিক সংগঠনের নিরাপত্তার জন্য 96 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন; প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য কেন্দ্র নিরাপদ রাখার কর্মসূচির (Securing Reproductive Health Centers Program) মাধ্যমে 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল ঘোষণা করেছেন প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য কেন্দ্রে এবং গর্ভপাত সেবা প্রদানকারীদের রোগী ও কর্মচারীদের নিরাপত্তা ও সুরক্ষা উন্নত করার জন্য যারা তাদের মিশন, সেবা, মতাদর্শ বা বিশ্বাসের কারণে অপরাধ বা আক্রমণের ঝুঁকিতে থাকতে পারে; এবং বাফেলোর টপস মার্কেটে (Tops Market) মর্মান্তিক শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর আক্রমণের পরবর্তীতে স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) অধীনে একটি অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ ইউনিট (Domestic Terrorism Prevention Unit) প্রতিষ্ঠা করেছেন এবং কাউন্টি সরকারগুলিকে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনা গঠন ও ঝুঁকি যাচাই এবং ব্যবস্থাপনা দল গঠনের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান তহবিল ঘোষণা করেছেন।

বিভাগটি পুরো স্টেটের ব্যক্তিদের থেকে বার্ষিক 5,000-র বেশি বৈষম্যের শিকার হওয়ার অভিযোগ নিয়ে তদন্ত করে। এছাড়াও এজেন্সির কর্তৃত্ব রয়েছে তদন্ত শুরু করার এবং স্টেটের বৈষম্য বিরোধী আইনের লঙঘনের অভিযোগে অভিযোগ দায়ের করার এবং গত বছর বিভাগটি বৈষম্যের শিকার ব্যক্তিদের জন্য 6.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক ক্ষতিপূরণ নিশ্চিত করেছে। বিভাগটি এছাড়াও নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে কাজ করে স্টেটের ঘৃণা অপরাধ আইন সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে শিক্ষিত করার জন্য।

নিউ ইয়র্কের রয়েছে দেশের মধ্যে প্রথম স্টেট হিসেবে মানবাধিকার আইন প্রণয়ন করার গর্বিত অর্জন, যে আইন প্রত্যেক নাগরিককে "একটি পূর্ণাঙ্গ ও উৎপাদনমুখী জীবন উপভোগ করার সমান সুযোগ" প্রদান করে। নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ মানবাধিকার আইন প্রয়োগের মাধ্যমে বৈষম্য নির্মূল, অন্যায়ের প্রতিকার, এবং সমান সুযোগ, উপলভ্যতা ও মর্যাদার প্রচার করার জন্য নিবেদিত। আরো তথ্য জানতে বা একটি অভিযোগ দায়ের করতে আগ্রহী ব্যক্তিরা DHR এর ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418